**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-04–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**3rd phase LS election :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের তৃতীয় দফার ভোটের বিজ্ঞপ্তি জারি হবে আজ। মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়া শুরু হবে আজ থেকেই। মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন ১৯শে এপ্রিল । মনোনয়নপত্র স্ক্রুটিনি করা হবে ২০শে এপ্রিল। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ২২ এপ্রিল। তৃতীয় দফায় ভোটগ্রহণ হবে আগামী সাত মে । ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৯৪টি আসনে তৃতীয় দফার নির্বাচন অনুষ্ঠিত হবে । রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি হল, আসাম, বিহার, ছত্তিশগড়, গুজরাট, জম্মু ও কাশ্মীর, কর্ণাটক, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গ, দাদরা ও নগর হাভেলি, দমন ও দিউ এবং গোয়া ।

*******************

**Door to door Vote :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও রামনগর বিধানসভা উপনির্বাচনে বাড়ি বাড়ি ভোট গ্রহনের কাজ আজ শেষ হবে । পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে নিজ বাড়িতে থেকে ভোট দেবেন ৪৫৮১ জন ভোটার ।

এখানে উল্লেখ্য, ৮৫ বছরের উর্ধ্বে বয়স্ক ভোটার, দিব্যাঙ্গ, সন্দেহজনক কোভিড-১৯ আক্রান্ত এবং সংক্রমিত ভোটারগন যারা ফর্ম ১২ ডি-তে পোষ্টাল ব্যালটে ভোট দেবার জন্য আবেদন করেছেন শুধুমাত্র তারাই নিজ বাড়িতে ভোট প্রদানের সুযোগ পাবেন।

**********************

**SVEEP Alpana Anusthan :**

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক পুনীত আগরওয়াল আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদানে এগিয়ে আসার জন্য সমস্ত ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল আগরতলায় পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসারের কার্যালয় প্রাঙ্গনে Systemetic Voters Education Electoral Participation (SVEEP) কর্মসূচী উপলক্ষে আয়োজিত আল্পনা অনুষ্ঠানের উদ্বোধন করে শ্রী আগরওয়াল এই আহ্বান

জানান। তিনি বলেন, অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য সব ব্যবস্থা নেওয়া হয়েছে। রাজ্য সরকারের আর্ট কলেজের ছাত্রছাত্রী, সংস্কার ভারতীর শিল্পী বৃন্দ ভোটারদের আকৃষ্ট করার জন্য রিটার্নিং অফিসারের অফিসের প্রবেশ পথে নানা রঙ্গের রং দিয়ে আল্পনা আঁকেন।।

এদিকে, সংবাদ মাধ্যমের কাছে মুখ্য নির্বাচন আধিকারীক জানান, নির্বাচনের কাজে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই ৮৪ কোম্পানী কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী রাজ্যে এসেছে। নির্বাচনে রাজনৈতিক দলের বা প্রার্থীর কাছ থেকে অভিযোগ পাওয়া, গেলে তা গুরুত্বের সঙ্গে দেখা হয়। রাজনৈতিক দল ও প্রার্থীদের তিনি নির্বাচন কমিশনের আদর্শ আচরণ বিধি মেনে চলার জন্য অনুরোধ করেন।

**************

**Voter Slip :**

আসন্ন লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে নির্বাচন কমিশন থেকে ভোটারদের বাড়ি বাড়ি ভোটার স্লীপ বিতরন শুরু হয়েছে । সংশ্লিষ্ট বুথ এলাকার বিএলও-রা এই ভোটার স্লীপ বিতরন করছেন। ছাপানো এই ভোটার স্লীপে বুথ কেন্দ্রের নাম, ভোটারের নম্বর ইত্যাদি রয়েছে।

***********************

**Suspended Teacher :**

আগরতলার কামিনী কুমার সিংহ মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক স্বপন কুমার দাসকে নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘন করার অভিযোগে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। আজ রাজ্যের এক প্রভাতী দৈনিক সংবাদপত্রের খবরের ভিত্তিতে ১-পশ্চিম ত্রিপুরা সংসদীয় নির্বাচনক্ষেত্রের রিটার্নিং অফিসারের তদন্তে স্বপন কুমার দাসের বিরুদ্ধে নির্বাচনী আদর্শ আচরন বিধি ভঙ্গের অভিযোগ প্রমাণিত হয়। সেই অনুসারে অধিকর্তা, প্রাথমিক শিক্ষা অধিকর্তার আদেশ অনুসারে স্বপন কুমার দাসকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়। নির্বাচন দপ্তর থেকে গতকাল এই সংবাদ জানানো হয়। এর আগে একই অভিযোগে চারজনকে সাময়ীক বরখাস্ত করা হয়।

*********************

**BJP সভা :**

গতকাল আগরতলার A.D. নগরে BJP আয়োজিত এক নির্বাচনী সভায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, বিরোধী কংগ্রেস এবং CPIM দলের সমালোচনা করে বলেন, নির্বাচনে বিরোধীদের

কাছে কোন ইস্যু নেই । রাজ্যে বিগত বামফ্রন্ট সরকারের আমলের কাজকর্মের সমালোচনা করেন মুখ্যমন্ত্রী ।

*******************

**BJP election rally at Gaurangtila school ground :**

রাজ্যে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে । পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থী কৃতি দেবী দেববর্মণ এর সমর্থনে লক্ষী নারায়নপুর শক্তিকেন্দ্রের গৌরাঙ্গটিলা স্কুল মাঠে গতকাল  বিকেলে নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়। এই সমাবেশে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য কমিটির সভাপতি রাজিব ভট্টাচার্য, মন্ত্রী বিকাশ দেববর্মা, মন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধায়ক রঞ্জিত দেববর্মা সহ অন্যান্য নেতৃত্ব ।

**********************

**BILONIA  SOBHA :**

দক্ষিন জেলার বিলোনিয়ায় গতকাল ইন্ডিয়া জোটের উদ্যোগে এক নির্বাচনি জনসভার আয়োজন করা হয় । সভায় বক্তব্য রাখেন

প্রাক্তন মুখ্যমন্ত্রী CPIM নেতা মানিক সরকার এবং কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন সহ আয়ান্য নেতৃত্ব । বক্তারা কেন্দ্রের BJP সরকারের কাজকর্মের সমালোচনা করেন । দেশে গণতন্ত্র বিপন্ন বলে অভিযোগ করেন ।

*****************

**Baisu Festival :**

গতকাল থেকে দক্ষিণ জেলার মনুবনকুলে শুরু হয়েছে ২ দিনের বৈইসু উৎসব। গতকাল সন্ধ্যারাতে ত্রিপুরা চুবাথাই বুথু আয়োজিত ২ দিনের এই উৎসবের সূচনা করেন ত্রিপুরী সমাজের নারান ধীরেন্দ্র ত্রিপুরা। উৎসবের প্রথম দিনে উপস্থিত ছিলেন সাংসদ রেবতি ত্রিপুরা, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, প্রাক্তন বিধায়ক যশবীর ত্রিপুরা, প্রভাত চৌধুরী সহ ত্রিপুরী সমাজের বিশিষ্ট জনেরা। সন্ধ্যা থেকে শুরু হয় ত্রিপুরা সহ অনান্য জনগোষ্ঠীর চিরাচরিত ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান। আজ রাত পর্যন্ত চলবে এই উৎসব।

**********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের দু`এক পশলা বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৬ ডিগ্রির কাছাকাছি।

******************

********************